গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.২৭.০১৯.১৪-১২০৪

তারিখঃ ১৭ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দেশের প্রত্যেক আদালতের সার্বিক নিরাপত্তা জোরদার প্রসঙ্গে।
সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ ঢাকার স্মারক নং-১ জে-৫/১৫-৪৮৬৫ এ, তারিখঃ ১৪/০৭/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের সূত্রোক্ত পত্রে উল্লেখ আছে যে সাম্প্রতিক বিভিন্ন সন্ত্রাসী কর্মকান্ডের কারণে দেশের সকল অধস্তন আদালতের বিচারক, কর্মচারী ও আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা বিষয়ে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি উদ্বিগ্ন। মাননীয় প্রধান বিচারপতির পক্ষ থেকে সরকারের সর্বোচ্চ পর্যায়ে এ উদ্বেগের বিষয় অবহিত করা হয়েছে এবং সরকারের পক্ষ হতে এক্ষেত্রে সর্বোচ্চ নিরাপত্তা প্রদানের জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের আশ্বাস প্রদান করা হয়েছে। নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা যদিও সময়সাপেক্ষ তবুও জরুরী ভিত্তিতে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সহায়তায় দেশের প্রত্যেক আদালত প্রাঙ্গণ, বিচারকদের বাসভবন, বিচারক ও কর্মচারীসহ আদলত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক। এ বিষয়ে জরুরী ভিত্তিতে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সহায়তায় দেশের প্রত্যেক আদালত প্রাঙ্গণ, বিচারকদের বাসভবন, বিচারক ও কর্মচারীসহ আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, আদালত, স্থানীয় ও রাষ্ট্রীয় পর্যায়ে নিরাপত্তায় নিয়োজিত সকলের কাছে পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সহায়তায় আদালত প্রাঙ্গণ, বিচারকদের বাসভবন, বিচারক ও কর্মচারীসহ আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০২/১০/১৬

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রঃ)
Email : section5@lawjusticediv.gov.bd
ফোনঃ ৯৫৭৭৪২০।

(ক) জেলা ও দায়রা জজ ----------------------------------------------------------(সকল)।
(খ) মহানগর দায়রা জজ ------------------------------------------------(সকল)।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৫. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
০৬. ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি), পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা (অধীনস্ত সকলকে প্রয়োজনী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
০৭. মহা-পরিচালক, র‌্যাব হেডকোয়ার্টার্স, ঢাকা।
০৮. বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, (সকল)
০৯. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল (সকল)
১০. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)
১১. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল (সকল)
১২. সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল, ১৪ আবদুল গণি রোড, ঢাকা।
১৩. সদস্য, প্রশাসনিক ট্রাইব্যুনাল (সকল)
১৪. সদস্য, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫. চেয়ারম্যান, শ্রম আদালত (সকল)
১৬. স্পেশাল জজ, স্পেশাল জজ আদালত (সকল)
১৭. বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৮. সদস্য, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীল ট্রাইব্যুনাল (সকল)
১৯. চেয়ারম্যান, ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
২০. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২১. বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২২. সদস্য, ট্যাকসেস অ্যাপীললেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)

২৪. ডিআইজি (সকল) ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/সিলেট/ময়মনসিং রেঞ্জ।
২৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)
২৬. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২৭. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২৮. পুলিশ কমিশনার/পুলিশ সুপার (সকল)
২৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩০. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩১. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩২. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৩৩. যুগ্ম-সচিব (প্রঃ-১/২)/ মহাদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৩৪. উপ-সচিব (প্রঃ-১/২)/মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৩৫. অফিস কপি।